

উপস্থিত- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম।

আদেশ নং-

অদ্য সোলেনামা বিষয়ে আদেশের জন্য দিন ধার্য আছে।

তারিখ-

২৪.০৯.২০২৩

উভয়পক্ষ আদালতে হাজির।

বাদীপক্ষ ও ৯ নং বিবাদীপক্ষ বিগত ২০/০৯/২০১৮ খ্রিঃ তারিখে এফিডেভিট সহযোগে একখানা সোলেনামা দাখিল করেছেন। যা নথিতে সামিল পাওয়া গিয়াছে।

অতপর নথি সোলেনামা বিষয়ে আদেশের জন্য নেওয়া হলো।

দাখিলী সোলেনামা সহ রেকর্ড পর্যালোচনা করলাম।

বাদীপক্ষ বিরোধী ১ নং তফসিলোক্ত সম্পত্তিতে তাহাদের স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভুল ঘোষণার প্রার্থনায় অত্র মামলা করেন। বাদীর মামলার মূল বক্তব্য হলো, নালিশী আর এস ১২৪৪১ নং দাগভূমির মূল মালিক হৈয়দনুেছা ছিল। তার মৃত্যুতে কন্যা সুফিয়া খাতুন এবং সুফিয়ার মৃত্যুতে তাহার পুত্র জামাল পায়। জামাল থেকে উক্ত সম্পত্তি ৫/৩/৬৮ ইং তারিখে কবলামুলে শের আলী খরিদ করেন। শের আলীর মৃত্যুতে তাহার তিন স্ত্রী আলমাস খাতুন, আয়েশা খাতুন মেহের নীগার পায়। ১ম স্ত্রী আলমাস খাতুনের মৃত্যুতে তৎ স্বত্ব আনোয়ার হোসেন আলী আহমদ আবুল হোসেন কন্যা নূরজাহান ও নূর বেগম পায়। আনোয়ার হোসেন মরনে ১-৭ নং বাদী এবং আলী আহম্মদ মরনে ৮-১৩ নং বাদী ওয়ারীশ থাকে। ২য় স্ত্রী আয়েশা মরনে ৩ পুত্র ৪ কন্যা ওয়ারীশ হয়। তন্মধ্যে কন্যা জরিনা খাতুন মরনে ২৪-২৮ নং বাদী ওয়ারীশ থাকে। ৩য় স্ত্রী মেহের নাগার মরনে পুত্র মোহাঃ আলী থাকে এবং তার মৃত্যুতে ২৯-৩৪ নং বাদী ওয়ারীশ থাকে। নালিশী ভূমি বাদীগনের পিতার খরিদা সম্পত্তি হয় যাহাতে বাদীগণ চাষাবাদে ভোগদখলে নিয়ত আছেন। বিবাদীগণ ভুল বি এস খতিয়ানের অনুবলে নালিশী ভূমিতে স্বত্ব দাবি করায় অত্র মামলার উদ্ভব হয়।

বাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি নিবেদন করেন যে, অত্র মামলা চলাবস্থায় বাদীগণ ও ৯ নং বিবাদীপক্ষের মধ্যকার তর্কিত বিষয় স্থানীয়ভাবে আপোষ মীমাংসা হয়েছে।

এখন উভয়পক্ষ তাহাদের মধ্যকার সম্পাদিত সোলেনামা অনুসারে অত্র মামলা খারিজমূলে নিষ্পত্তির প্রার্থনা করেন।

বিবাদীপক্ষের বিজ্ঞ কৌসুলি উভয়পক্ষের মধ্যকার আপোষ মীমাংসার বিষয়টি স্বীকার করেছেন এবং বিবাদীপক্ষ কথিত সোলেনামায় স্বেচ্ছায় ও স্বজ্ঞানে স্বাক্ষর করেছেন মর্মে জানিয়েছেন। বাদীপক্ষে ১৯ নং বাদী মোঃ ফোরকান সোলেনামার সমর্থনে PW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বিবাদীপক্ষ তাকে কোন জেরা করেননি। একইভাবে, ৯ নং বিবাদীপক্ষে ৯ নং বিবাদী আবু ছৈয়দ সোলেনামার সমর্থনে DW-1 হিসাবে জবানবন্দি প্রদান করেছেন। বাদীপক্ষ তাকে কোন জেরা করেননি।

উভয়পক্ষ কর্তৃক সম্পাদিত গত ২০.০৯.২০১৮ খ্রিঃ তারিখের সোলেনামা, আরজির বক্তব্য ও দাখিলী কাগজাদি পর্যালোচনা করলাম।

সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, নালিশী আর এস ১২৪৪১ দাগের ২৮ শতক ভূমির মধ্যে ৫.৫০ শতক ভূমি আর এস রেকর্ডের পরবর্তী ওয়ারীশ জামাল আহম্মদ বাদীগনের পূর্ববর্তী শের আলীর নিকট বিক্রয় করেছিলেন। উক্ত জামাল আহম্মদ পুনরায় ২৮/০৮/১৯৮৪ ইং তারিখে কবলামূলে আর এস ১২২৪১/১২২৪৩ দাগে সমুদয় ২৮ শতক ভূমি ৯ নং বিবাদী আবু ছৈয়দ এর নিকট বিক্রয় করেন। দাখিলীয় ২৯/০৬/১৯৮৯ ইং তারিখের ৩৭৯৪ নং দানপত্র হতে প্রতীয়মান হয় আবু ছৈয়দ তার উক্ত খরিদা সম্পত্তি থেকে ১০ শতক ভূমি স্ত্রী ১০ নং বিবাদী বরাবর হস্তান্তর করেন। পরবর্তীতে ২৬/০৬/২০০৫ ইং তারিখে আরো ১২ শতক ভূমি মোহাম্মদ ছৈয়দ এর নিকট হস্তান্তর করেন। বিবাদীপক্ষের দাখিলীয় নামজারি খতিয়ান হতে দেখা যায় উক্ত আবু ছৈয়দ ও তাহার স্ত্রী এবং মোহাম্মদ ছৈয়দ তাদের নামে পৃথক নামজারি খতিয়ান সৃজন করিয়া নালিশী দাগভূমিতে ভোগদখলে নিয়ত আছেন। বাদীগণ নালিশী আর এস ১২৪৪১ দাগ সামিল বি এস ১৬১২৮ দাগে ২৬ শতক ভূমিতে আবু ছৈয়দ বা পরবর্তী হস্তান্তর গ্রহীতাগনের স্বত্ব দখল এবং বিবাদীর বায়া জামাল আহম্মদের নামে বি এস ১৬১২৮ দাগ জরিপ শুদ্ধ মর্মে স্বীকারপূর্বক কথিত সোলেনামা সম্পাদন করেছেন মর্মে প্রতীয়মান হয়। বাদীগণ কথিত সোলেনামার মাধ্যমে তাদের পূর্ববর্তীর খরিদা স্বত্ব অস্বীকার করিয়া নালিশী ভূমিতে বিবাদীগনের স্বত্ব ও দখল মেনে নেওয়ায় অত্র মামলার খারিজযোগ্য বলে মনে করি। সার্বিক বিবেচনায় বাদীগণ ও ৯ নং বিবাদীপক্ষের মধ্যকার সম্পাদিত সোলেনামায় বর্ণিত আপোষের শর্ত সুষ্ঠু ও বৈধ মর্মে প্রতীয়মান হয়েছে। এমতাবস্থায় দাখিলীয় বিগত ২০/০৯/২০১৮ খ্রিঃ

তারিখের সোলেনামা অত্র আদালত কর্তৃক গৃহীত হলো। প্রতীয়মান হয় যে, অত্র মোকদ্দমা সোলেসূত্রে নিষ্পত্তিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ৯ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে সোলেসূত্রে এবং অপরাপর বিবাদীগণের বিরুদ্ধে এক-তরফা সূত্রে সোলেনামার শর্ত মোতাবেক বিনা খরচায় খারিজ করা হলো।

দাখিলী ২০/০৯/২০১৮ ইং তারিখের সোলেনামা অত্র আদেশের একাংশ গন্য করা হলো।

সংশ্লিষ্ট রেজিস্টারে প্রয়োজনীয় নোট প্রদান করা হোক।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত  
পটিয়া, চট্টগ্রাম।

মোঃ হাসান জামান  
সিনিয়র সহকারী জজ  
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত  
পটিয়া, চট্টগ্রাম।